

## আজ দেশব্যাপী শিক্ষা সপ্তাহ

শুরু

স্টাফ রিপোর্টার : আজ থেকে দেশব্যাপী শিক্ষা সপ্তাহ শুরু হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সকাল সাড়ে দশটায় শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষা সপ্তাহের জাতীয় পর্যায়ের অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন।

শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার ও শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ (৭-এর পৃঃ ৩-এর কঃ দঃ)

### আজ দেশব্যাপী

(প্রথম পৃঃ পর)

ইউনুস খান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।

নারী শিক্ষা ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা : সমস্যা ও সমাধান-- এবারের শিক্ষা সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয়। উদ্বোধন অনুষ্ঠানের পর এর উপর এক সেমিনার অনুষ্ঠিত হবে।

জাতীয় পর্যায়ের অনুষ্ঠানমালার শেষদিন মঙ্গলবার সকাল ১০টায় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস।

আজ সন্ধ্যায় শিল্পকলা একাডেমি মিলনায়তনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।